

🗏 আন-নাজম | An-Najm | ٱلنَّجْم

আয়াতঃ ৫৩:৫০

আরবি মূল আয়াত:

وَ أَنَّهُ أَهلُكَ عَادَ ا الأُولَى ﴿٥٠﴾

🗚 অনুবাদসমূহ:

আর তিনিই প্রাচীন 'আদ জাতিকে ধ্বংস করেছেন। — আল-বায়ান
আর এই যে, তিনিই প্রাচীন 'আদ জাতিকে ধ্বংস করেছিলেন, — তাইসিরুল
এবং এই যে, তিনিই প্রথম 'আদ সম্প্রদায়কে ধ্বংস করেছিলেন। — মুজিবুর রহমান
And that He destroyed the first [people of] 'Aad — Sahih International

৫০. আর এই যে, তিনিই প্রাচীন আদ সম্প্রদায়কে ধ্বংস করেছিলেন,

তাফসীরে জাকারিয়া

(৫o) আর এই যে, তিনিই প্রথম আ'দ সম্প্রদায়কে ধ্বংস করেছিলেন। [1]

[1] এখানে আ'দ জাতিকে প্রথম এই জন্য বলা হয়েছে যে, এদের ধ্বংস সামূদ জাতির পূর্বে হয়েছে। অথবা এই কারণে যে, নূহ (আঃ)-এর জাতির পর সর্বপ্রথম এদেরকেই ধ্বংস করা হয়েছে। আবার কেউ কেউ বলেছেন যে, আ'দ নামে দু'টি জাতি গত হয়েছে। এরা ছিল প্রথম, যাদেরকে প্রচন্ড বায়ু দ্বারা ধ্বংস করা হয়েছে। পক্ষান্তরে দ্বিতীয়টি কালচক্রের সাথে বিভিন্ন নামে নামান্তরিত হয়ে চলতে থাকে এবং বিচ্ছিন্নভাবে বিদ্যমান থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4834

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন